

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৮৯

পর্ব-৭: সওম (রোযা) (১ হাণ্টা)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - লায়লাতুল কদর

بَابُ لَيْلَةِ الْقَدْرِ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجْتَهِدُ فِي الْعَشْرِ الْأَوَاخِرِ مَا لَا يَجْتَهِدُ فِي غَيره. رَوَاهُ مُسلم

#### বাংলা

২০৮৯-[৭] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযান (রমজান) মাসের শেষ দশ দিনে যত 'ইবাদাত বন্দেগী (মুজাহাদাহ্) করতেন এতো আর কোন মাসে করতেন না। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১৭৫, তিরমিয়ী ৭৯৬, ইবনু মাজাহ ১৭৬৭, আহমাদ ২৬১৮৮, সহীহ ইবনু খুযায়মাহ্ ২২১৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৪৬১, সহীহাহ্ ১১২৩, সহীহ আল জামি' ৪৯১০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা আল কারী (রহঃ) বলেন, নিশ্চয়ই সে অধিক আনুগত্য ও 'ইবাদাতের ক্ষেত্রে প্রচেষ্টা করবে, অর্থাৎ- সকল ভালো কাজ পুণ্যের কাজ ও 'ইবাদাত পরিপূর্ণরূপে পালন করবে।

(مَا لَا يَجْتَهِدُ فِيْ غَيْرِه) অর্থাৎ- শেষের দশক ছাড়াও এখানে দলীল রয়েছে যে, 'ইবাদাতের কঠোর প্রচেষ্টা করা, রমাযানের শেষ দশকের রাতগুলোতে কিয়াম করার উপর উৎসাহিত করা মুস্তাহাব। এতে শেষ 'আমলের সৌন্দর্য ও তা উত্তম হওয়ার ইঙ্গিত রয়েছে।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন